



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩১৯.১৯/৮৭১/৫

তারিখ: ০৪/১১/২০২৪খ্রি.


বিষয় : মতামত/ব্যখ্যা।

- সূত্র : ১। দুর্নীতি দমন কমিশনের স্মারক নং-০০.০১.৮৫০০.৬৩৫.২৬.০০৩.২২.৩৩৮৮২ তারিখ : ১৩/০৯/২২খ্রি.
২। মাউশি অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩১৯.১৯/৩৭০৪/৬; তারিখ: ২৭/১০/২০২২ খ্রি.
৩। তদন্ত কর্মকর্তার স্মারক নং- মাউশিরং/সেসিপ/২০২৩/৮৫০; তারিখ: ০৪/১১/২০২৩খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলাধীন নলডাঙ্গা ডিগ্রী মহাবিদ্যালয় এর জনাব মো: আনোয়ারুল ইসলাম, সভাপতি, নলডাঙ্গা ডিগ্রী মহাবিদ্যালয় ও অন্যান্যের বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগটি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রোক্ত স্মারক মোতাবেক মাউশিকে নির্দেশনা প্রদান করা হয়।

দুদক থেকে প্রাপ্ত অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দাখিলের জন্য উপপরিচালক (কলেজ) ও সহকারী পরিচালক (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর কে স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.৩১৯.১৯/৩৭০৪/৬; তারিখ: ২৭/১০/২০২২ খ্রি. মোতাবেক তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা স্মারক নং- মাউশিরং/সেসিপ/২০২৩/৮৫০; তারিখ: ০৪/১১/২০২৩খ্রি. মোতাবেক তদন্ত প্রতিবেদন প্রেরণ করেন।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে অত্র প্রতিষ্ঠানে জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ অনুযায়ী বিধি সম্মতভাবে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করা হয়েছে কি না এ বিষয়ে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে মতামত/ব্যখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(তপন কুমার দাস)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd



- (১) সভাপতি, পরিচালনা পরিষদ, নলডাঙ্গা ডিগ্রী মহাবিদ্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।
- (২) অধ্যক্ষ, নলডাঙ্গা ডিগ্রী মহাবিদ্যালয়, সাদুল্লাপুর, গাইবান্ধা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০২। জেলা শিক্ষা অফিসার, রংপুর (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ)।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট ই.এম.আই.এস.সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (মাউশি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাদুল্লাপুর (পত্রটি প্রাপকের নিকট পৌছানোর অনুরোধসহ)।
- ০৫। সংরক্ষণ নথি।